

## একজন ছাত্রও পাস করেনি পিরোজপুরে ১৬ স্কুল মাদ্রাসাকে নোটিশ

পিরোজপুর প্রতিনিধি

মাধ্যমিক ও মাদ্রাসা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ২০০২ সালের পরীক্ষার ফল সন্তোষজনক না হওয়ায় জেলায় ১৬ শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষা অধিদফতর শে-কাজ করেছে। অধিদফতরের কারণ দর্শাও নোটিশে জেলার ওইসব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সতর্ক করে বলা হয়েছে, আগামী এক বছরের মধ্যে পাবলিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে তারা পারলে প্রতিষ্ঠানের এমপিও বর্তীকসহ প্রয়োজনীয় ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যেসব বিদ্যালয় ও মাদ্রাসাকে শে-কাজ করা হয়েছে সেগুলো হচ্ছে- ধরুপকটি উপজেলার কামারকটি মাধ্যমিক বিদ্যালয়, পিরোজপুর সদর উপজেলার একপাই জুজখোলা গুণগ্রাম বালিকা বিদ্যালয়, নবগ্রাম সম্বলিত কবুবুনিয়া বালিকা বিদ্যালয়, ভাওরিয়া উপজেলার ধাওয়া-রাজপাশা আয়েশা সিদ্দিকিয়া বালিকা বিদ্যালয়, মধ্যচরাইল মাধ্যমিক বালিকা বিদ্যালয়, পসারীবুনিয়া আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়, মঠবাড়িয়া উপজেলার হাজিগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়। মাদ্রাসার মধ্যে রয়েছে- ভাওরিয়ার তেলিখালী ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, আতবখালি ইসলামিয়া আলিম মাদ্রাসা, চরাইল আবদুল হালিম সিনিয়র মাদ্রাসা, চরাখালী মাটিভাঙা আলিম মাদ্রাসা, পৈকখালী মোমেনিয়া আলিম মাদ্রাসা, উত্তর ধাওয়া অসহাজ কাশেমিয়া আলিম মাদ্রাসা, জুনিয়র

ইসলামিয়া দাখিল মাদ্রাসা, মঠবাড়িয়া উপজেলার তুফখালী ইসলামিয়া দাখিল মাদ্রাসা, নাজিরপুর উপজেলা মুগাবজোড় বালিকা দাখিল মাদ্রাসা। গত বছর এসব শিক্ষা প্রতিষ্ঠানের একজন ছাত্রও পাবলিক পরীক্ষায় পাস করতে পারেনি।